



## নবজাতক মৃত্যুর ঘটনায় আদ্-দ্বীনের গাফিলতি প্রমাণিত: স্বাস্থ্যমন্ত্রী



স্বাস্থ্যমন্ত্রী সাখাওয়াত হোসেন। ছবি: সংগৃহীত

রাজধানীর মগবাজারে অবস্থিত আদ্-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালে ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষের অবহেলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় চিকিৎসক, নার্স ও ব্যবস্থাপনায় দায়িত্বে গাফিলতির বিষয়টি তদন্তে স্পষ্ট হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন।

বৃহস্পতিবার (৪ জুন) সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি বলেন, যে ভবনে হাসপাতালটি পরিচালিত হচ্ছে সেটি হাসপাতালের জন্য পুরোপুরি উপযুক্ত নয়। এছাড়া দায়িত্ব পালনে নানা ধরনের ত্রুটির তথ্যও তদন্তে উঠে এসেছে।

স্বাস্থ্যমন্ত্রী জানান, হাসপাতালটির অনুমোদন থাকলেও ভবনসংক্রান্ত বিষয়ে রাজউকের পর্যবেক্ষণ রয়েছে। পরবর্তীতে কিছু পরিবর্তন আনা হলেও নতুন করে আরও একটি প্রতিবেদন দিয়েছে রাজউক। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা নেবে বলেও জানান তিনি।

তদন্ত প্রতিবেদনের তথ্য তুলে ধরে মন্ত্রী বলেন, গত ২৭ মে ভোর ৫টা থেকে সকাল ৯টার মধ্যে ছয় নবজাতকের মৃত্যু হয়। ওই সময় প্রয়োজনীয় চিকিৎসক ও নার্স উপস্থিত না থাকা এবং দায়িত্বে অবহেলার বিষয়টি স্পষ্টভাবে পাওয়া গেছে।

তিনি আরও বলেন, তদন্তে যাদের গাফিলতি পাওয়া গেছে তাদের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।